

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য মন্ত্রণালয়  
সরবরাহ-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mofood.gov.bd](http://www.mofood.gov.bd)

নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৩৩.০০৩.২২.১৪৯

তারিখ: ২৫ আষাঢ়, ১৪৩০

০৯ জুলাই ২০২৩

পরিপত্র

বিষয়: টিসিবি কার্ডধারী ১(এক) কোটি পরিবারকে ওএমএস এর চাল বিতরণ।

সারাদেশব্যাপী টিসিবি কার্ডধারী ১(এক) কোটি পরিবারকে টিসিবি'র অন্যান্য পণ্যের পাশাপাশি ওএমএস এর চাল বিতরণের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। টিসিবি'র কার্ডের মাধ্যমে ওএমএস এর চাল বিতরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- ১) টিসিবি কার্ডধারী ১(এক) কোটি পরিবারকে ওএমএস এর চাল বিতরণ আগামী জুলাই, ২০২৩ মাস থেকে শুরু করা হবে। ওএমএস এর চলমান কার্যক্রম সিটি কর্পোরেশন (মহানগর), জেলা সদর পৌরসভা ও জেলা সদর বহির্ভূত পৌরসভায় (এ ও বি শ্রেণী) পাশাপাশি চলবে এবং খাদ্যবান্ধব কর্মসূচিও যথারীতি চলবে।
- ২) টিসিবি'র বিতরণ কেন্দ্র থেকে কার্ডধারী প্রতি পরিবারকে মাসিক ৫ কেজি করে ৩০/- টাকা কেজি দরে ওএমএস এর চাল বিতরণ করা হবে।
- ৩) খাদ্য অধিদপ্তরের ওএমএস এবং খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারগণ সরকার নির্ধারিত কেজি প্রতি ২৬/- (ছাষিশ) টাকা দরে চালানোর মাধ্যমে সংশ্লিষ্ট গুদাম থেকে ওএমএস এর চাল গ্রহণ করে টিসিবি'র ডিলারের নিকট বিতরণ কেন্দ্রে হস্তান্তর করবেন। নির্ধারিত মূল্যে ২৮/- (আটাশ) টাকা কেজি দরে নগদ টাকায় ওএমএস/খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারদের নিকট হতে চাল গ্রহণ করবেন। টিসিবি, ওএমএস ও খাদ্যবান্ধব ডিলারগণ প্রতি কেজি চালে ২(দুই) টাকা হারে কমিশন পাবেন।
- ৪) ওএমএস/খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারগণ বিদ্যমান নীতিমালা অনুযায়ী জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা/টিসিবি'র যুগ্ম পরিচালক/আঞ্চলিক প্রধান, ঢাকা এর চাহিদা মোতাবেক চালান জমা দিয়ে সংশ্লিষ্ট খাদ্য গুদাম থেকে চাল সংগ্রহ করবেন।
- ৫) ওএমএস/খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারগণ বিতরণ কেন্দ্রে টিসিবি'র ডিলারগণের নিকট হতে প্রতি কেজি ২৮/- (আটাশ) টাকা হিসেবে সরবরাহকৃত চালের মূল্য নগদে গ্রহণ করবেন। এ সম্পর্কিত টাকা বকেয়া রাখা যাবে না। পরবর্তীতে বকেয়া কোন দাবী কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হবে না। টিসিবি'র ডিলারের নিকট হতে সমুদয় অর্থ না পেলে ওএমএস/খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারগণ চাল হস্তান্তর করবেন না।
- ৬) জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা/টিসিবি'র যুগ্ম পরিচালক/আঞ্চলিক প্রধান, ঢাকা টিসিবি'র ডিলারের মাধ্যমে চাল বিতরণের ৫ কার্যদিবস পূর্বে চালের চাহিদাপত্র উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/প্রধান রেশনিং কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। উক্ত চাহিদা প্রাপ্তির পর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/প্রধান রেশনিং কর্মকর্তা ওএমএস/খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারের নিকট চাল বিতরণ করবেন।
- ৭) ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারের অধীন একের অধিক টিসিবি ডিলার থাকলে একই দিনে বিতরণের জন্য

উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন।

৮) জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা/টিসিবি'র যুগ্ম পরিচালক ও আঞ্চলিক প্রধান, ঢাকা জেলা/সিটি কর্পোরেশনে বিতরণ সম্পর্কিত কর্মসূচি টিসিবি'র চেয়ারম্যানের পাশাপাশি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর/জেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, প্রধান রেশনিং কর্মকর্তা ও সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রককে প্রেরণ করবেন।

৯) প্রতি মাসের বিতরণ শেষে টিসিবি কর্তৃক গ্রহণকৃত চাল অবিক্রিত থাকলে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক-কে জানাতে হবে। অবিক্রিত চাল পরবর্তী মাসে চাল উত্তোলনের সাথে সমন্বয় করতে হবে।

১০) যদি টিসিবি ডিলার ও ওএমএস/খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার একই ব্যক্তি হন সেক্ষেত্রে তিনি সরাসরি গুদাম হতে চাল উত্তোলন করে বিতরণ করতে পারবেন।

১১) টিসিবি ডিলারগণ তাদের কার্ড ভিত্তিক উপকারভোগীর নিকট ওএমএস এর চাল বিতরণ করবেন। সংশ্লিষ্ট টিসিবি'র ডিলার উপকারভোগীর এনআইডি দেখতে পারবেন, ফটোকপি সংরক্ষণ করতে পারবেন; এনআইডি এর মূল কপি জমা রাখতে পারবেন না।

১২) বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত টিসিবি'র সকল পর্যায়ের কমিটিতে খাদ্য অধিদপ্তরের প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করা হবে। এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৩) টিসিবি'র কোন ডিলার ওএমএস এর খাদ্যশস্য বিক্রয়ে কোন প্রকার অনিয়ম করলে বাণিজ্য মন্ত্রণালয় টিসিবি'র ঐডিলারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবে। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক বা প্রধান রেশনিং কর্মকর্তা এর নিকট কোন অনিয়ম গোচরিভূত হলে বিষয়টি চেয়ারম্যান, টিসিবি ও মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন।

২। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।



৯-৭-২০২৩

কুল প্রদীপ চাকমা

উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪৬১৬

ফ্যাক্স: +৮৮০২৯৫১৪৬৭৮

ইমেইল:

[dssupply@mofood.gov.bd](mailto:dssupply@mofood.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

৪) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর

৫) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম

৬) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি)

৭) জেলা প্রশাসক (সকল)

৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/সিলেট/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল

৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

- ১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ১১) প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব), ঢাকা রেশনিং, ঢাকা
- ১২) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ১৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়